গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১

বিষয়: সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির জুন, ২০২০ মাসে অনুষ্ঠিত ভিডিও কনফারেন্সিং এর কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট। |
| সভার তারিখ | ১৫ জুন, ২০২০, রোজ সোমবার। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা। |
| স্থান | Zoom App এর মাধ্যমে Video Conference |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যদের তালিকা-পরিশিষ্ট ‘ক’ |

**১.০ সূচনাবক্তব্য:**

সভাপতি Video Conference এর মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি আলোচ্যসূচি অনুসারে সভার কার্যপত্রের উপর সকল সদস্যকে আলোচনায় অংশগ্রহণের অনুরোধ করেন। সভাপতির অনুরোধক্রমে সদস্য সচিব সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। অতঃপর নিম্নলিখিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**২.০ বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ:**

সভায় জানানো হয় যে বিগত সভা গত ২৯ এপ্রিল ২০২০ খ্রি: তারিখে অনুষ্ঠিত হয়েছে। এ কার্যালয়ের গত ১৫/০৫/২০২০ খ্রিস্টাব্দ তারিখের ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.২৪৩ নম্বর স্মারকে সংশ্লিষ্ট সকলের নিকট ই-নথি, ও ই-মেইলের মাধ্যমে বিগত সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীর ওপর কোন মন্তব্য/সংশোধন/সংযোজন না থাকায় সভাপতি বিগত সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়।

**৩.০ বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কার্যক্রমের পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি:**

| দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১. সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জোন, সিলেট | তত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জানান, করোনা ভাইরাসের কারণে উন্নয়ন কার্যক্রম সাময়িক বন্ধ ছিল। সম্প্রতি স্বাস্থ্যবিধি মেনে উন্নয়ন কর্মকাণ্ড পুনরায় শুরু করা হয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে সকল অসমাপ্ত প্রকল্পসমূহের চলমান কাজ দ্রুত সম্পাদন করতে হবে। | (ক) তত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ, সড়ক জোন, সিলেট। |
| ৩.২. এলজিইডি, সিলেট | অতিরিক্ত প্রধান প্রকৌশলী জানান যে, সিলেট জোনে পর্যটন স্পটগুলোর কাজ আপাতত বন্ধ রয়েছে। মন্ত্রণালয় হতে চলমান বিভিন্ন প্রকল্প পুনরায় চালু করতে নির্দেশনা এসেছে এবং সে অনুযায়ী কাজ শুরু হয়েছে বলে তিনি সভাকে অবহিত করেন। | (ক) নিজ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত এবং স্বাস্থ্যবিধি মেনে অসমাপ্ত প্রকল্পসমূহের চলমান কাজদ্রুতগতিতে সম্পন্ন করতে হবে।<br>(খ) পর্যটন স্পটের লিংকরোডগুলো গুরুত্বসহকারে অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সিলেট। |
| ৩.৩. সিলেট গণপূর্ত জোন, সিলেট | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জানান, স্বাস্থ্যবিধি মেনে বিভিন্ন জরুরি নির্মাণ/মেরা কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে দ্রুত চলমান কাজ যথাসময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | (ক) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৪. পানি উন্নয়ন বোর্ড, সিলেট | স্বাস্থ্যবিধি মেনে বর্ষার পূর্বে বন্যাপ্রবণ ও নদী ভাঙ্গন এলাকায় আশ্রয়কেন্দ্র নির্মাণ প্রকল্পের কাজ দ্রুত শেষ করতে প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট এর দৃষ্টি আকর্ষণ করা হয়। জেলা প্রশাসক, সুনামগঞ্জ জানান যে হাওর রক্ষা বাঁধের অর্থ বরাদ্দের অভাবে পরিশোধ করা যাচ্ছে না। | (ক) হাওর রক্ষা বাঁধের প্রকল্পগুলোর কাজেরঅপরিশোধিত অর্থ দ্রুত পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) শুকনো মৌসুমে নদী, খাল খনন এবং বাঁধ মেরামতের প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত গ্রহণ করতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, সিলেট জোন।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |
| ৩.৫. পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট | জেলা প্রশাসক হবিগঞ্জ ও মৌলভীবাজার জানান যে বর্তমানে ঘনঘন লোডশেডিং এর জন্য স্থানীয় গণমাধ্যম ও সমাজিক যোগাযোগ মাধ্যমে অসন্তোষ প্রকাশ করা হচ্ছে ফলে স্থানীয় বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে। সভাপতি বিদ্যুত সরবরাহ ব্যবস্থা নিরবিচ্ছিন্ন রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। মহাব্যবস্থাপক পল্লী বিদ্যুৎ জানান গতমাসে বনভূমিতে বিদ্যুৎ খুঁটির সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | (ক) অগ্রাধিকার ভিত্তিতে চলমান প্রকল্পগুলোর কাজদ্রুত শেষকরতে হবে।<br>(খ) বিদ্যুৎ সরবরাহ নিরবিচ্ছিন্ন রাখার প্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণ করতে হবে।<br>(গ) বিদ্যুৎ সরবরাহে বিঘ্ন ঘটলে স্থানীয় প্রশাসনকে অবহিত রাখতে হবে। | (১) প্রধান প্রকৌশলী, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সিলেট জোন।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |
| ৩.৬. বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট | প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট জানান, সিলেট বিভাগে শতভাগ বিদ্যুতায়নের কাজ প্রায় সমাপ্ত।সভায়বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ঝামেলা এড়াতে প্রি-পেড মিটার ব্যবস্থা প্রসারের জন্য প্রধান প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) অগ্রাধিকার ভিত্তিতে চলমান প্রকল্পগুলোর কাজশেষকরতে হবে।<br>(খ) সিলেট বিভাগের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের নিমিত্ত বিভিন্ন স্থানে গ্রীড পাওয়ার স্টেশন স্থাপনের নিমিত্ত ভূমিঅধিগ্রহণ প্রক্রিয়া তরান্বিতকরতে হবে। | (ক) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার।<br>(খ) প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট। |
| ৩.৭. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক জানান, সিলেট বিভাগে ৫৪,২৭৮ মে.টন ধান সংগ্রহের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। খাদ্য বান্ধব কর্মসূচির জন্য ২,৪৩,৭২৪ জনের তালিকা পাঠানো হয়েছে, যা চূড়ান্ত হলে উক্ত কর্মসূচি পুনরায় চালু করা হবে। বিভাগীয় কমিশনার, সিলেট জানান যে স্থানীয়ভাবে খাদ্য শস্য ক্রয়ের লক্ষ্যমাত্রা বাড়ানো হয়েছে। খাদ্য শস্য ক্রয়ে যাতে অনিয়ম না হয় সেদিকে সতর্ক থাকতে সভাপতি অনুরোধ জনান। সভায় ধান/চাল সংগ্রহ কার্যক্রম মনিটরিং করার বিষয় আলোচিত হয়। | (ক) সরকার নির্ধারিত নায্য মূল্যে খাদ্য শস্য সংগ্রহ করতে হবে<br>(খ) জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারদের মাধ্যমে মৌসুমী ধান/চাল সংগ্রহ কার্যক্রম মনিটরিং করবেন।<br>(গ) খাদ্য শস্য সংগ্রহে হয়রনি/অনিয়মের বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | (ক) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, সিলেট অঞ্চল, সিলেট।<br>(খ) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৮. সিলেট সিটি কর্পোরেশন | সিলেট সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী অফিসার জানান, সিটি কর্পোরেশন এলাকায় অস্থায়ী মার্কেট অপসারণের কাজ চলছে। তিনি আরো জানান, পিডিবির বকেয়া বিদ্যুত বিলের মধ্যে ৩.৫ কোটি টাকা ইতোমধ্যে পরিশোধ করা হয়েছে। করোনা পরিস্থিতিতে আয় কমে যাওয়ায় অবশিষ্ট বিল পরিশোধ করা যাচ্ছে না। সভাপতি নগর নিরাপত্তা পরিকল্পনা গ্রহণপূর্বক ট্রাফিক জ্যাম নিরসনে অস্থায়ী মার্কেটসমূহ অপসারণ কাজ অব্যাহত রাখতে এবং ঝুকিঁপূর্ণ স্থানে প্রয়োজনে সিসি ক্যামেরা স্থাপন ও অংশীজনের সাথে সভা করে সেবার মান বৃদ্ধি করতে পরামর্শ প্রদান করেন। | (ক) নগর নিরাপত্তা পরিকল্পনা গ্রহণপূর্বক নিরাপত্তার জন্য সিসি ক্যামেরা সচল রাখা এবং অস্থায়ী মার্কিটসমূহ অপসারণ করে ট্রাফিক জ্যাম নিরসন করতে হবে।<br>(খ) দ্রুত অবশিষ্ট বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **(ক)** প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট। |
| ৩.৯. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট | সভায় জানানো হয় যে খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে সরকারের নির্দেশনা রয়েছে। বোরো ধানের পরে আউশ ধানের উৎপাদন বাড়ানোর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সভায় মতামত প্রকাশ করা হয়। সভাপতি অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনতে সঠিক সময়ে কৃষকদের প্রয়োগিক সহায়তা প্রদান নিশ্চিত করা, প্রয়োজনীয় প্রচারণা ও উদ্বোধ্য করার জন্য অনুরোধ জানান। | (ক)কৃষকদের আউশ ধান উৎপাদন বৃদ্ধি করতে বীজ এবং সারসহ সকল প্রকার প্রায়োগিক সহায়তা ও উদ্বোধ্যকরণ নিশ্চিত করতে হবে।<br>(খ)মশলা চাষের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(গ) কোন জমি যাতে পতিত না থাকে সেদিকে দৃষ্টি রাখতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট। |
| ৩.১০. বিএডিসি(ক্ষুদ্র সেচ), সিলেট | বিএডিসি (ক্ষুদ্র সেচ) সিলেট সার্কেল এর তত্ত্বাবধায়ক প্রকৌশলী সভায় অনুপস্থিত। সভাপতি, বৈদ্যুতিক সেচ পাম্পের পাশাপাশি শুকনো মৌসুমে সোলার সেচ পাম্প ব্যবহার বাড়ানোর অনুরোধ করেন। | (ক) বৈদ্যুতিক সেচ পাম্পের পাশাপাশি শুকনো মৌসুমে সোলার সেচ পাম্প ব্যবহার বাড়াতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ক্ষুদ্র সেচ), বিএডিসি, সিলেট সার্কেল, সিলেট। |
| ৩.১১. স্বাস্থ্য বিভাগ, সিলেট | পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ সভায় জানান, বাসায় থাকা রোগীদের মোবাইলের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান চালু করা হয়েছে। সামাজিক যোগাযোগ মাধ্যমে গুজব ছড়ানোর বিষয়ে সতর্ক থাকতে সভায় মতামত প্রকশা করা হয়। সভায় করোনা সংক্রান্ত চিকিৎসা সুবিধা বৃদ্ধির বিষয়ে তাগিদ দেয়া হয়। এ লক্ষ্যে শাহপরান স্বাস্থ্য কেন্দ্র এবং দক্ষিণ সুরমা স্বাস্থ্য কেন্দ্রে করোনা চিকিৎসা চালু করার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। | (ক) করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধ এবং মোকাবেলায় যথাযথভাবে মনিটরিং এবং প্রয়োজনীয় কার্যক্রম জোরদার করতে হবে।<br>(খ) করোনা রোগ চিকিৎসার জন্য শাহপরান হাসপাতাল এবং দক্ষিণ সুরমা স্বাস্থ্য কেন্দ্রে করোনা রোগী ভর্তি ও চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) করোনা সংক্রান্ত গুজব মোকাবেলার জন্য সতর্ক থাকতে হবে। | (ক-খ) পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।<br>(গ) ডিআইজি অব পুলিশ/পুলিশ কমিশনার, এসএমপি/জেলা প্রশাসক (সকল)/ সভাপতি, প্রেসক্লাব সমূহ(সিলেট বিভাগ) |

| | | | |
|---|---|---|---|
| ৩.১২. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট | তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, কোভিড ১৯ এর সংক্রমণ রোধে জনসাধারণের হাতধোয়ার নিমিত্তে সিলেট বিভাগে ১১৪টি হাতধোয়া ব্লক নির্মাণ করা হয়েছে। | (ক) জনগণের জন্য বিশুদ্ধ পানি সরবরাহ ব্যবস্থাসহ টয়লেট্রিজ দ্রব্যাদি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।<br>(খ) স্থাপনকৃত হাতধোয়া ব্লকগুলোতে পর্যাপ্ত সাবান/হ্যান্ডওয়াশ সরবরাহ করতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সার্কেল। |
| ৩.১৩. প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট | সভাপতি গৃহপালিত পশু-পাখিদের সুস্থ রাখা এবং এ বিষয়ে তৎপর থাকার নির্দেশনা প্রদান করেন। সভার পূর্বে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেন প্রেরণ পূর্বক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | (ক) গৃহ পালিত পশু পাখিদের সুস্থ রাখার বিষয়ে দৃষ্টি রাখতে হবে।<br>(খ) গৃহীত প্রকল্পসমূহের মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখাসহ হালনাগাদ প্রতিবেদন সভার পূর্বে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপ-পরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, সিলেট। |
| ৩.১৪. মৎস্য অধিদপ্তর, সিলেট | উপপরিচালক, মৎস্য অধিদপ্তর সভাকে জানান প্রাকৃতিক মাছের উৎপাদন বৃদ্ধির জন্য প্রজনন মৌসুমে মাছ আহরণ বন্ধ রাখতে, মাছের অভয়াশ্রম বৃদ্ধি এবং মাছ উৎপাদন বৃদ্ধির জন্য সহায়ক পরিবেশ বজায় রাখতে সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | (ক) প্রজাতির জীববৈচিত্র্য ধ্বংস করে জলাশয় সেচে মাছ ধরা বন্ধ রাখতে হবে।<br>(খ) মাছের প্রজনন মৌসুমে মাছ আহরণ বন্ধ রাখার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এ সময়ে মৎস্য সংক্রান্ত মোবাইল কোর্ট বৃদ্ধি করতে হবে।<br>(গ) মাছের অভয়াশ্রম বৃদ্ধি এবং মাছ চাষ বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। | (১) বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.১৫. আঞ্চলিক পরিচালকের দপ্তর, বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট | বিসিসির চলমান বিভিন্ন প্রকল্প অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। সভার পূর্বে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ পূর্বক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | (ক) স্বাস্থ্যবিধি মেনে সিলেট বিভাগে বিসিসির চলমান প্রকল্পসমূহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) চলমান উন্নয়ন প্রকল্পের কাজের গুণগত মান ঠিক রেখে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে। | (১) বিসিসি, সিলেট অঞ্চল, সিলেট। |
| ৩.১৬. বিটিসিএল, সিলেট | জিএম, বিটিসিএল বকেয়া টেলিফোন বিল পরিশোধের বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | (ক) শহরে বিসিসি কর্তৃক ফ্রি ওয়াই-ফাই সেবার মান বৃদ্ধি করতে হবে।<br>(খ) সভার পূর্বে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। | (ক) প্রধান কর্মাধ্যক্ষ,সিলেট টেলিযোগাযোগ অঞ্চল, সিলেট। |
| ৩.১৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ | উপপরিচালক বলেন, করোনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় বর্তমানে সংসদ টিভিতে মাধ্যমিকের ক্লাস হচ্ছে। এ ছাড়া অনলাইনেও শিক্ষার্থীদের ক্লাস নেয়ার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | (ক) অনলাইনে শিক্ষার্থীদের ক্লাস নেয়ার পদক্ষেপ গ্রহণ হবে। | (১) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল। |
| ৩.১৮. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সিলেট বিভাগ | উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট জানান, বিদ্যালয়ের স্বাভাবিক পাঠদান বন্ধ থাকায় অনলাইনে শিক্ষার্থীদের ক্লাস নেয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। তিনি আরও জানান বর্তমানে প্রাথমিক বিদ্যালয়সমূহ বন্ধ থাকায় বিদ্যালয়সমূহের অসমাপ্ত উন্নয়ন ও মেরামত কাজ এ সময়ের মধ্যে করলে সহজতর হবে। | (ক) যথাযথ স্বাস্থ্যবিধি মেনে প্রাথমিক বিদ্যালয়সমূহের অসমাপ্ত উন্নয়ন ও মেরামত কাজ সম্পন্ন করতে হবে।<br>(খ)অনলাইনে ক্লাস নেয়ার পদক্ষেপ নিতে হবে। | (১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, সিলেট অঞ্চল।<br>(২)উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৩.১৯. বিআরডিবি, সিলেট | বিআরডিবি সিলেটের উপ-পরিচালক জানান যে, জুন মাসের প্রথমে সাধারণত ধান উত্তোলন হয়। এ সময়ে ঋণ আদায় ভাল হয়। কিন্তু করোনা পরিস্থিতিতে ঋণ আদায়ে কঠোরতা আরোপের সুযোগ না থাকায় আদায়ে বিঘ্ন হতে পারে। সভায় সরকারি নির্দেশনা মেনে সহনশীল হয়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে পরিচালনার বিষয়ে সভায় মতামত প্রকাশ করা হয়। | (ক) স্বাস্থ্যবিধি ও সরকারি নির্দেশনা মেনে সহনশীল হয়ে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) কৃষকরা যাতে সহজ শর্তে ঋণ গ্রহণ ও জমা প্রদান করার ব্যবস্থা করতে হবে। | (ক) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(খ) উপ পরিচালক, বিআরডিবি, সিলেট। |
| ৩.২০. বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট | সভায় জানানো হয় যে, বর্তমানে ১৭ লাখ দম্পতির মধ্যে ১৪ লাখ পরিবার পরিকল্পনার আওতায় রয়েছেন। করোনা পরিস্থিতির কারণে বাড়ি বাড়ি গিয়ে পরিবার পরিকল্পনা ক্যাম্পেইন স্থগিত রয়েছে। পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ কার্যক্রম স্বাভাবিক আছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলে পরিকল্পিত পরিবার পরিকল্পনার কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, বিভাগীয় পরিবার পরিকল্পনা অফিস, সিলেট বিভাগ, সিলেট। |
| ৩.২১. বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট | উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট বিভাগ জানান করোনা পরিস্থিতিতেও প্রতিদিন মাঠে তাদের কাজ অব্যাহত রয়েছে। সভায় নিয়মিত বাজার মনিটরিং রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয। | (ক) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্বাস্থ্যবিধি মেনে বাজার মনিটরিং অব্যাহত রাখতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) উপপরিচালক, বিভাগীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, সিলেট। |
| ৩.২২. পরিবেশ অধিদপ্তর, সিলেট | সভায় অবস্থানগত ও পরিবেশগত ছাড়পত্র ব্যতীত কোন প্রতিষ্ঠান বা কারখানাকে বিদ্যুৎ সংযোগ না দেয়ার বিষয় সভায় আলোচিত হয়। | (ক) স্বাস্থ্যবিধি মেনে পরিবেশ অধিদপ্তরের টাস্কফোর্স অভিযান অব্যাহত রাখতে হবে। | (১) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।<br>(২)জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ।<br>(৩)পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ। |
| ৩.২৩. বিভাগীয় বন কর্মকর্তার কার্যালয়, সিলেট | বিভাগীয় বন কর্মকর্তা সভাকে জানান বর্ষা আগত, এ লক্ষ্যে গাছের চারা রোপন করার কার্যক্রম গ্রহণ করা হবে। | (ক) পাহাড় হতে বালি ও পাথর উত্তোলন বন্ধ করতে সংশ্লিষ্ট সকলকে অভিযান অব্যাহত রাখতে হবে<br>(খ) স্বাস্থ্যবিধি মেনে ও মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে গাছের চারা রোপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১) উপ-মহা পুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ, সিলেট।<br>(২) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, সিলেট বিভাগ।<br>(৩) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট। |
| ৩.২৪. বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট | সভায় বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিসকে দালালমুক্ত রাখা এবং যথাসময়ে পাসপোর্ট এর আবেদন ও সরবরাহের মাসিক বিবরণী নিয়মিত প্রেরণ করার বিষয় আলোচনা করা হয়। | (ক) পাসপোর্ট এর জন্য প্রাপ্ত আবেদন ও সরবরাহের মাসিক বিবরণী নিয়মিত প্রতিটি সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) পাসপোর্ট অফিসকে দালালমুক্ত রাখার জন্য নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা এবং অনলাইনে আবেদন পত্র গ্রহণ এবং মেসেজ দিয়ে পাসপোর্ট বিতরণ নিশ্চিত করতে হবে। | (১) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার।<br>(২) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ৩.২৫.<br>জোনাল<br>সেটেলমেন্ট<br>অফিস, সিলেট | সভায় নির্ভুল ও সঠিকভাবে স্তরভিত্তিক বিভিন্ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করে মৌজাওয়ারী রিভিশনাল জরিপের The State Acquisition and Tenancy Act, 1950 এর ১৪৪(৭) ধারায় চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও মৌজা ম্যাপ জেলা প্রশাসক ও অন্যান্যদের নিকট দ্রুত হস্তান্তর করার নির্দেশনা প্রদান করেন। | (ক) চূড়ান্ত প্রকাশিত ভলিউম ও মৌজা ম্যাপ জেলা প্রশাসক ও অন্যান্যদের নিকট দ্রুত হস্তান্তর করতে হবে। | জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট জোন, সিলেট। |
| ৩.২৬.<br>বিভাগীয়<br>সমাজসেবা<br>অফিস,<br>সিলেট | বিভাগীয় পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, সিলেট বলেন সমাজিক নিরাপত্তার আওতায় তিন ধরনের ভাতা চলমান। অনেক ব্যাংকের কাজ সীমিত থাকায় সরকার প্রদত্ত ভাতা/অনুদান ব্যাংক হতে বিতরণ করতে সমস্যা হচ্ছে। সভায় সরকারের সেবাসমূহকে সহজ ও দ্রুততর উপায়ে সেবাগ্রহীতার নিকট পৌঁছানোর বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (ক) মুক্তিযোদ্ধাভাতাসহ সকল প্রকার ভাতা ক্রমান্বয়ে অনলাইন পদ্ধতিতে সরাসরি গ্রাহকের নিকট পৌঁছানোর ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>(খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদানে কোন প্রকার সমস্যা হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং ব্যাংকের সাথে সমন্বয় করে ভাতা প্রদানের ব্যবস্থা সচল রাখতে হবে। | (১) পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, সিলেট।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/হবিগঞ্জ। |
| ৩.২৭.<br>বিভাগীয়<br>সমবায় অফিস,<br>সিলেট | যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস করোনা উপলক্ষ্যে সরকার ঘোষিত প্রণোদনার আওতায় সমবায়ীদের অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোন জমি অনাবাদি রাখা যাবে না- এ নীতিতে সমবায়ের মাধ্যমে অনাবাদি জমি চাষে তিনি গুরুত্বারোপ করেন। সভায় এ বিষয়ে স্থানীয় প্রশাসন ও কৃষি বিভাগের সাথে সমন্বয় করার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। | (ক) অনবাদি জমি চাষে সমবায়কে বিবেচনা করতে হবে। | (১) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট।<br>(২) জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/ মৌলভীবাজার।<br>(৩) যুগ্ম নিবন্ধক, বিভাগীয় সমবায় |
| ৩.২৮.<br>বিভাগীয়<br>পরিসংখ্যান<br>অফিস, সিলেট | যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান জানান যে, করোনা পরিস্থিতিতে আদমশুমারির লিস্টিং কার্যক্রম স্থগিত রয়েছে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী শুমারির লিস্টিং এবং অন্যান্য কাজ চালু করার অনুরোধ জানান। | (ক) স্বাস্থ্যবিধি মেনে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী শুমারির লিস্টিং এবং অন্যান্য কাজ চালুর বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | যুগ্ম পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, সিলেট। |
| ৩.২৯.<br>যুগ্ম পরিচালক<br>(বীজ ও সার),<br>সিলেট | সভায় বীজ এবং সারের বিতরণ অব্যাহত রাখার বিষয়ে মতামত প্রকাশ করা হয়। প্রাপ্ত আবেদন বীজ এবং সারের সরবরাহের মাসিক বিবরণী নিয়মিত প্রতিটি সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করে নিশ্চিত করতে হবে। | (ক) বীজ এবং সারের বিতরণে জন্য প্রাপ্ত আবেদন ও সরবরাহের মাসিক বিবরণী নিয়মিত প্রতিটি সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | (১) যুগ্ম পরিচালক (বীজ ও সার), সিলেট। |
| ৩.৩০.<br>কৃষি<br>বিপণন<br>অধিদপ্তর, সিলেট | সভার পূর্বে বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেন প্রেরণ পূর্বক সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ফল ও সবজি প্রক্রিয়াজাতকরণ ও বাজার ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ প্রদানসহ কৃষকদেরকে উদবুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩১.<br>জাতীয় সঞ্চয় অধিদপ্তর,<br>সিলেট | উপপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, সিলেট বলেন, ২৯ এপ্রিল, ২০২০ হতে জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম বন্ধ ছিল, তবে এখন থেকে তা আবার চালু করা হয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে অনলাইন এবং ম্যানুয়েল পেমেন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। জাতীয় সঞ্চয় অধিপ্তর, সিলেট। |
| ৩.৩২.<br>জেলা পরিষদ,<br>সিলেট, সুনামগঞ্জ,<br>হবিগঞ্জ ও<br>মৌলভীবাজার | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট বলেন, জেলা পরিষদের ইঞ্জিনিয়ারিং কাজ করোনার জন্য বন্ধ ছিল। তবে বর্তমান পরিস্থিতিতে ত্রাণের জন্য প্রাপ্ত টাকা ইউনিয়ন<br>পরিষদ, মেম্বার, চেয়ারম্যানদের মাধ্যমে তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে। সভাপতি প্রকৃত তালিকা বাছাই করে উপযুক্ত প্রার্থীরা যেন ত্রাণ পান এবং কোন প্রকার ডুপ্লিকেশন যাতে না হয় সে বিষয়ে নজর রাখতে অনুরোধ জানান। | (ক) স্বাস্থ্যবিধি মেনে প্রকৃত তালিকা বাছাইয়ের মাধ্যমে দ্রুত ত্রাণ বিতরণ করতে হবে।<br>(খ) স্বাস্থ্যবিধি মেনে প্রকৃত চলমান প্রকল্পসমুহের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১-৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার/সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ |
| ৩.৩৩.<br>বিভাগীয় ফায়ার সার্ভিস অফিস,<br>সিলেট | উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট বলেন, বিভাগাধীন চারটি জেলায় সকাল ৮:০০ ঘটিকা হতে বিকাল ৫:০০ ঘটিকা জীবাণুনাশক পানি ছিটানোর কার্যক্রম চলমান রয়েছে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে জনগুরুত্বপূর্ণ স্থানে জীবানুনাশক ছিটানোর কাজ অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, ফায়ার সার্ভিস, সিলেট |
| ৩.৩৪.<br>বিভাগীয়<br>আনসার ভিডিপি<br>অফিস, সিলেট | উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট বলেন, বিভাগাধীন চারটি জেলায় ধান কাটা এবং ত্রাণ বিতরণে আনসার-ভিডিপি সদস্যগণ সাহায্য করছেন। | (ক) স্বাস্থ্যবিধি মেনে ত্রাণ বিতরণের কাজ অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক, বিভাগীয় আনসার ভিডিপি, সিলেট। |
| ৩.৩৫.<br>মোট্রোপলিটন<br>পুলিশ কমিশনার,<br>সিলেট | মোট্রোপলিটন পুলিশ কমিশনার, সিলেট বলেন, সরকারের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে। কোন কাজে পুলিশের প্রয়োজন হলে পুলিশ সহায়তা দিতে সর্বদা প্রস্তুত রয়েছে। টিসিবি এবং ওএমএস বিতরণে পর্যাপ্ত পুলিশ রয়েছে। সভাপতি স্বাস্থ্যবিধি মেনে কার্যক্রম অব্যাহত রাখতে করতে অনুরোধ জানান। | (ক) স্বাস্থ্যবিধি মেনে চলমান কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| ৩.৩৬. ইসলামিক ফাউন্ডেশন, সিলেট: করোনা রোগের বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে উদ্বুদ্ধকরণ সংক্রান্ত | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট বিভাগ বলেন, ইসলামের দৃষ্টিতে করোনা মহামারির সময় স্বাস্থ্যবিধি মেনে চলার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে ইসলামিক ফাউন্ডেশন হতে প্রচারণা চালানো হচ্ছে। এছাড়া করোনা সংক্রমণ প্রতিরোধ করার জন্য ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী মসজিদগুলোতে সীমিত পরিসরে জুম্মা, তারাবি ও ওয়াক্ত নামাজ আদায় চলছে। প্রতি উপজেলায় ১০ জন স্বেচ্ছাসেবকের সমন্বয়ে দাফন-কাফন কমিটি করা হয়েছে। পিপিই পরে তারা কাজ করছেন। জেলা প্রশাসক, হবিগঞ্জ জানান, হবিগঞ্জ জেলায় গামবুট, মাস্ক, পিপিই স্থানীয়ভাবে ক্রয় করে কমিটিকে দেওয়া হয়েছে। সকল জেলায় স্বেচ্ছাসেবক বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে এবং কমিটির সদস্যদের প্রতিকল্প রাখা হয়েছে, যাতে কোন পরিস্থিতিতে দাফন-কাফনের কোন অসুবিধা না হয়।পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন জানান স্বেচ্ছাসেবকদের কাজ যেহেতু অত্যন্ত ঝুঁকিপূর্ণ তাই আর্থিক প্রণোদনা/সম্মানীর ব্যবস্থা করলে আরো স্বেচ্ছাসেবী এ কাজে উদ্বুদ্ধ হবে। সভাপতি স্বেচ্ছসেবকদের আর্থিক প্রণোদনার জন্য ব্যবস্থা নিতে পরিচালক, ইসলামিক ফাউন্ডেশনকে সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য অনুরোধ জানান। বরাদ্ধ না আসা পযন্ত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে কাজ চালাতে সভাপতি অনুরোধ জানান। কোন বিশিষ্ট ব্যক্তি মৃত্যুতে যাতে জনসমাগম যেন না হয়, সেজন্য জেলা প্রশাসক, পুলিশ সুপার, সিলেট মেট্রোপলিটন পুলিশকে জানানোর জন্য সভাপতি সভায় উপস্থিত সকলকে অনুরোধ করেন। | | ১। জেলা প্রশাসক, সিলেট/সুনামগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার। ২। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
বিভাগীয় কমিশনার,সিলেট বিভাগ, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.০৬.০০১.১৫.৪০১

তারিখ: ২৩ আষাঢ় ১৪২৭
০৭ জুলাই ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিলেট বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার (সকল) সদস্য

২) সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, আইসিটি সেল, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)

রিগ্যান চাকমা
সহকারী কমিশনার